

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল ৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

নং : ১৩.০২.০০০০.৭৫১.০১৪.০৬০(অংশ-৩).২০২৫.২৬৭

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
০২ জুন ২০২৬

বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের খাদ্য ব্যবসায়ীদের ডাটাবেইজ সফটওয়্যারে সংরক্ষণের জন্য খাদ্য ব্যবসায়ীদের তথ্য সংগ্রহে সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প” এর আওতায় সারা দেশের ১০.১৩ লক্ষ খাদ্য ব্যবসায়ীদের তথ্য সংগ্রহপূর্বক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কেন্দ্রীয় ডাটাবেইজ সফটওয়্যারে সংরক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। এ সকল তথ্যাবলী খাদ্য ব্যবসায়ীদের নিরাপদ খাদ্য তৈরি ও সরবরাহে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, মনিটরিংসহ দেশের সকল শ্রেণির নাগরিকদের নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিতকরণে ব্যবহার করা হবে। সারা দেশের সকল পর্যায়ের খাদ্য ব্যবসায়ীদের তথ্য সংগ্রহ এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ডাটাবেজে আপলোডিং কাজের জন্য নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাথে অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ Infrastructure Investment Facilitation Company (IIFC) এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (IIFC) তাদের নিয়োগকৃত ডাটা সংগ্রহকারীর মাধ্যমে খাদ্য ব্যবসায়ীদের নিকট থেকে বিভিন্ন তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজে আপলোড করবে, যা সংশ্লিষ্ট জেলার নিরাপদ খাদ্য কর্মকর্তার অনুমোদন ক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ডাটাবেইজ সফটওয়্যারে সংরক্ষিত করা হবে।

২। এমতাবস্থায়, Infrastructure Investment Facilitation Company (IIFC) এর নিয়োগকৃত ডাটা সংগ্রহকারীদের মাঠ পর্যায়ে খাদ্য ব্যবসায়ীদের তথ্য সংগ্রহে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।


মোঃ আনোয়ারুল ইসলাম সরকার
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-২২২২২৩৬২৬

Email: chairman@bfsa.gov.bd

বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। পুলিশ সুপার (সকল)
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প
- ৩। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন (সকল)
- ৫। সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সকল)
- ৭। নিরাপদ খাদ্য অফিসার (সকল)
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল থানা)

৯। Executive Director (Finance & HR and Company Secretary)
Infrastructure Investment Facilitation Company (IIFC),
JDPC Bhavan (3rd floor) 145, Monipuripara, Tejgaon, Dhaka-1215